

Website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং-২৩

০৮ মে ২০২০

তারিখঃ -----

২১ বৈশাখ ১৪২৭

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

নভেল করোনা ভাইরাস (COVID-19)-এর প্রাদুর্ভাবের কারণে সৃষ্টি ব্যবসায়িক পরিস্থিতি বিবেচনায়
ব্যাংক খণ্ড/বিনিয়োগের ওপর আরোপিত/আরোপযোগ্য সুদ/মুনাফা সুদবিহীন ব্লকড হিসাবে স্থানান্তর প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে ০৩ মে ২০২০ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-১১/২০২০ এর প্রতি দৃষ্টি আকর্ষণ
করা যাচ্ছে।

২। করোনা ভাইরাস এর কারণে সৃষ্টি ব্যবসায়িক পরিস্থিতি বিবেচনায় উক্ত সার্কুলারের মাধ্যমে ব্যাংকের সকল
প্রকার খণ্ড/বিনিয়োগের ওপর ০১ এপ্রিল ২০২০ তারিখ হতে ৩১ মে ২০২০ তারিখ পর্যন্ত সময়ে আরোপিত/আরোপযোগ্য
সুদ/মুনাফা ‘সুদবিহীন ব্লকড হিসাবে’ স্থানান্তর করার নির্দেশনা প্রদান করা হয়েছে। তাছাড়া, পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত
ব্লকড হিসাবে স্থানান্তরিত সুদ/মুনাফা সংশ্লিষ্ট খণ্ড/বিনিয়োগ গ্রহীতার নিকট হতে আদায় করা যাবে না এবং এরপে সুদ/মুনাফা
ব্যাংকের আয়খাতে স্থানান্তর করা যাবে না মর্মেও নির্দেশনা প্রদান করা হয়েছে।

৩। এক্ষণে, খণ্ড/বিনিয়োগের ওপর আরোপিত/আরোপযোগ্য সুদ/মুনাফা ব্লকড হিসাবে এবং আয়খাতে স্থানান্তরের
বিষয়ে স্পষ্টীকরণ করা যাচ্ছে যে, ৩১ মার্চ ২০২০ তারিখ ভিত্তিক ধারক পর্যায়ের খণ্ড/বিনিয়োগ স্থিতির উপর উক্ত সার্কুলারের
নির্দেশনা প্রযোজ্য হবে। উক্ত তারিখের পর অর্থাৎ ০১ এপ্রিল ২০২০ তারিখ হতে নতুনভাবে বিতরণ/উত্তোলনকৃত
খণ্ড/বিনিয়োগের ক্ষেত্রে এ নির্দেশনা প্রযোজ্য হবে না।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ নুরুল আলম)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০৩৫৯